শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২.606 (৪০)

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩১।
১৫ এপ্রিল ২০২৪।

বিষয়ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১৮ এপ্রিল, ২০২৪ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের এপ্রিল, ২০২৪ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১৭-০৪-২০২৪ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম।
(বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২০) চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব...........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২.606 (৪০)/১(৪)

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩১।
১৫ এপ্রিল ২০২৪।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : এপ্রিল, ২০২৪ সভার তারিখ: ১৮/০৪/২০২৪, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 0174644455 26 | — | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718688677 | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | 01763407421 | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | useofulbarikurigram@gmail.com | ১৮/৪/২৪ |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | rashinordu@gmail.com | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | [illegible] kumargupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01774509219 | | ১৮/০৪/২৪ |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01703508903 | ufpofulbari2@gmail.com | ১৮.০৪.২৪ |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721765008 | | ১৮/৪/২৪ |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : এপ্রিল, ২০২৪ সভার তারিখ: ১৮/০৪/২০২৪, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720067348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | জনাব মোঃ আতাউর রহমান শেখ (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01711418179 | | |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**<u>এপ্রিল, ২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী</u>**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ১৮ এপ্রিল, ২০২৪। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার জনাব রেহেনুমা তারান্নুম সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**<u>আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী) আলোচনা :</u>**

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত মার্চ, ২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২৩৩৭টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১০২৫১টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪৫৬টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩৬৩০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৪৫০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১৪১ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>৭০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>উন্নত জাতের ঘাস চাষ কার্যক্রম</td><td>০.০১ একর</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>৩৪৩ জন</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর লাম্পি রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করার ব্যাপারে মনিটরিং কার্যক্রমসহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম এবং বিভিন্ন রোগের চিকিৎসাসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) চলতি রোপা আউশ মৌসুমে ৬২৫ হেঃ জমিতে আউশ ধান চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। রোপন কার্যক্রম চলমান।<br>(খ) কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৫৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে আউশ ধান বীজ ও সার বিতরণ করা হয়েছে।<br>(গ) মাঠে দন্ডায়মান বোরো ধানসহ অন্যান্য মাঠ ফসলের বর্তমান অবস্থা ভালো।<br>(ঘ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>এছাড়া সভায় উপজেলা প্রকৌশলী জানান UTMIDP প্রকল্পের আওতায় ফুলবাড়ী উপজেলায় উপজেলা পরিষদের অভ্যন্তরের পুরাতন প্রশাসনিক ভবন হতে কোয়ার্টার ভবন পর্যন্ত ও মেইন গেট হতে নতুন প্রশাসনিক ভবন হয়ে উপজেলা পরিষদের অভ্যন্তরের মডেল মসজিদ ও, সাবরেজিস্ট্রার অফিস হতে অফিসার্স ডরমেটরি ভবন পর্যন্ত মোট ৫৭০ মিঃ সড়ক মেরামত/ সংস্কার করণ, ২৩৮মিঃ আর সি সি ড্রেন, উপজেলা পরিষদ পুরাতন মসজিদের টয়লেট এরিয়ার স্থলে ১টি পাবলিক টয়লেট এবং সেই সাথে দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ফুলবাড়ী বাজারে ০৪(চার) তলা ভিত্তিবিশিষ্ট ০২(দুই) তলা একটি মার্কেট ভবন নির্মাণের প্রস্তাব করার সুযোগ রয়েছে। | উপজেলা পরিষদের অভ্যন্তরের পুরাতন প্রশাসনিক ভবন হতে কোয়ার্টার ভবন পর্যন্ত ও মেইন গেট হতে মডেল মসজিদ ভায়া নতুন প্রশাসনিক ভবন ও সাবরেজিস্ট্রার অফিস হতে অফিসার্স ডরমেটরি ভবন সড়ক মেরামত/ সংস্কারসহ সড়ক প্রশস্তকরণ এবং ১টি পাবলিক টয়লেট ও ফুলবাড়ী বাজারে ০২(দুই) তলা একটি মার্কেট ভবন নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলীকে পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। সভায় উক্ত বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রস্তাব গুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার (অ:দা:) ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ০২টি বিল নার্সারি বাস্তবায়নের জন্য কাযক্রম চলমান। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>০১। (ক)মার্চ, ২০২৪ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮৩৩ জনকে ১,৬৮,৯৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) মার্চ, ২০২৪ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ১৭,৬১,৩৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) মার্চ, ২০২৪ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। মার্চ, ২০২৪ পর্যন্ত ৮১২৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৮%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৮২% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৩)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৪ প্রস্তুতি সম্পন্ন।<br>২। উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ উদযাপন উপলক্ষে কার্যক্রম চলমান।<br>৩। নতুন কারিকুলাম মনিটরিং বিষয়ক প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকগণের প্রশিক্ষণ সম্পন্ন।<br>৪। ২০২৪-২০২৫ অর্থ বছরের এপিএ তথ্য প্রদান কার্যক্রম চলমান।<br>৫। শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে জুলাই হতে ডিসেম্বর/২০২৩ কিস্তির অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষার্থীদের নগদ হিসাব খোলার কার্যক্রম চলমান।<br>৬। আইএমএস মডিউলে ২০২৩ সালের প্রতিষ্ঠানের অনলাইন তথ্য আপলোড কার্যক্রম চলমান।<br>৭। ২০২৪ সালের প্রতিষ্ঠানের অনলাইনে EMIS তথ্য আপলোড কার্যক্রম চলমান।<br>৮। বৈজ্ঞানিক যন্ত্রপাতিসমূহ যথাযথ সংরক্ষণ ও স্টক রেজিস্টারে লিপিবদ্ধসহ শ্রেণি পাঠদানে ব্যবহার কার্যক্রম চলমান রয়েছে।<br>৯। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>১। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের মার্চ/২০২৪ চাউল (খাদ্যশষ্য) বিতরণ করা হয়েছে।<br>২। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে।<br>৩। অত্র কার্যালয়ে রাজস্ব ডব্লিউটিসি (সেলাই প্রশিক্ষণ) চলমান রয়েছে।<br>৪। অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি সবার অবগতির জন্য জানান যে, সহনীয় পর্যায়ে লোডশেডিং রয়েছে। সবাইকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য অনুরোধ জানান। | ফুলবাড়ী উপজেলায় সঠিকভাবে বিদ্যুৎ বিতরণের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের USAID এর "এসো শিখি" কার্যক্রমের আওতায় সভা পরিচালনার জন্য গাইড লাইন এবং জরুরী অবস্থায় শিক্ষা অব্যাহত রাখা ও দুর্যোগ সহনশীল পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>২। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের তিন দিনব্যাপী বাংলা বিষয়ের প্রশিক্ষণ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৪)

উপজেলা সমাজসেবা অফিসঃ

ক) ভাতাপ্রাপ্ত ব্যক্তিদের চলমান তালিকা যাচাইকরণ এবং ভাতাভোগী প্রতিস্থাপন প্রসংগে

এ বিষয়ে সদস্য সচিব জানান যে, ভাতা কার্যক্রমের আওতায় উপজেলার সকল ভাতাভোগীর মধ্যে মৃত বা নিরুদ্দেশ ভাতাভোগী সনাক্তকরণ করা এবং সনাক্তকৃত ব্যক্তিদের বিপরীতে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করা প্রয়োজন। উল্লেখ্য, অপেক্ষমান তালিকা থেকে মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগীদেরকে প্রতিস্থাপন করা হলে অনেক নতুন ব্যক্তিকে ভাতার আওতায় নিয়ে আসা সম্ভব হবে।

সভায় সদস্য সচিব আরোও জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে এ বিষয়ে একাধিকবার অনুরোধপত্র দেয়ার পরও শিমুলবাড়ী ইউনিয়ন ছাড়া অন্য কোনো ইউনিয়ন থেকে তালিকা পাওয়া যায়নি। প্রাপ্ত তালিকা অনুযায়ী শিমুলবাড়ী ইউনিয়নের ভাতাভোগী প্রতিস্থাপনের কাজ চলমান। উল্লেখ্য, চলতি ২০২৩-২৪ অর্থ বছরের শেষ কিস্তি হিসেবে আগামী ২১-০৪-২০২৪ থেকে ৩০-০৪-২০২৪ তারিখ পর্যন্ত পে-রোল প্রেরণের জন্য সময় নির্ধারণ করা হয়েছে। এই কিস্তিতে পে-রোল প্রেরণ করা না হলে ভাতার অর্থ ফেরৎ যেতে পারে।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

১. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ আগামী ২৫/০৪/২০২৪ তারিখের মধ্যে তালিকা যাচাইকরতঃ মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগীদের পরিবর্তে অপেক্ষমান তালিকা থেকে নতুন ভাতাভোগী নির্বাচন করে ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন। অন্যথায় উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত তালিকা প্রণয়নপূর্বক উপজেলা সমাজসেবা কার্যালয় ভাতাভোগীদের পে-রোল প্রেরণ করবেন।

খ) ২০২৩-২৪ অর্থবছরে ভাতার জন্য প্রাপ্ত বরাদ্দ সম্পর্কে আলোচনা এবং ভাতাভোগী নির্বাচন প্রসংগে

চলতি ২০২৩-২৪ অর্থবছরের জন্য ইউনিয়নভিত্তিক আবেদনের বিপরীতে গত ০৫/০২/২০২৪ তারিখে নিম্নোক্ত তালিকা অনুযায়ী বরাদ্দ পাওয়া গিয়েছে।

| ইউনিয়ন/পৌরসভা | বয়স্ক ভাতা | বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা | প্রতিবন্ধী ভাতা |
|---|---|---|---|
| বড়ভিটা | ১৩ | ২৭ | ১৭৯ |
| ভাঙ্গামোড় | ১৯ | ৩৪ | ১৩৭ |
| ফুলবাড়ী | ২০ | ৪১ | ৩৭৮ |
| কাশিপুর | ২৮ | ৪২ | ১৫৭ |
| নাওডাঙ্গা | ১০ | ২০ | ৫৯ |
| শিমুলবাড়ী | ১০ | ১৪ | ৮০ |
| **মোট** | ১০০ | ১৭৮ | ৯৯০ |

সভায় আবেদন ও বরাদ্দ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

২. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ আগামী ২৫/০৪/২০২৪ তারিখের মধ্যে অপেক্ষমান তালিকা থেকে দারিদ্র্য সূচক অনুযায়ী নতুন বরাদ্দের ভাতাভোগী নির্বাচন করতঃ উপজেলা কমিটির নিকট প্রেরণ করবেন। অন্যথায় উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত তালিকা প্রণয়নপূর্বক উপজেলা সমাজসেবা কার্যালয় ভাতাভোগীদের পে-রোল প্রেরণ করবেন।

গ) ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ কিস্তির নির্ভুল ও শতভাগ পে-রোল প্রেরণ

সভায় সদস্য সচিব সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, পবিত্র ঈদ-উল-ফিতর এর আগেই সকল ভাতাভোগীর হাতে ভাতার অর্থ পৌঁছে দেয়ার লক্ষ্য নির্ধারণ করায় নতুন ভাতাভোগীসহ চলতি ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ কিস্তির পে-রোল আগামী ২১-০৪-২০২৪ থেকে ৩০-০৪-২০২৪ তারিখ মধ্যে প্রেরণ সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। বিধায়, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।

ভাতা সম্পর্কিতঃ উপজেলা শিশু কল্যাণ বোর্ড

এ বিষয়ে সদস্য সচিব জানান যে, উপজেলায় সুবিধাবঞ্চিত বিভিন্ন শিশুদের তালিকা প্রস্তুত করা গেলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিভিন্ন সময় শিশুদের কল্যাণে কাজ করার সুযোগ সৃষ্টি হবে। এছাড়া অত্র উপজেলার এসব সুবিধাবঞ্চিত শিশু মাদক পরিবহণসহ বিভিন্ন ঝুঁকিপূর্ণ কাজের সাথে জড়িত হচ্ছে যা থেকে তাদেরকে এখনই মুক্ত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং সুবিধাবঞ্চিত বিভিন্ন শিশুদের তালিকা প্রস্তুত করার বিষয়ে পরবর্তীতে নির্দেশনা প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

(চলমান/৫)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের আওতাধীন ১৫টি হাট-বাজার ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে ১ম হতে ৫ম দফা পর্যন্ত তারিখ উল্লেখ করে জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়। ১ম দফায় ১৫টি হাট বাজারের মধ্যে ১৩টি হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হয়। খড়িবাড়ী হাট-বাজারের অনুকূলে সরকারি মূল্য =৫৬,৮৬,৯৫৩/- টাকার স্থলে ৪২,০০,০০০/- টাকার ০১টি মাত্র দরপত্র পাওয়া যায়। পরবর্তীতে ২য় হতে ৫ম দফা পর্যন্ত উক্ত হাট-বাজারের অনুকূলে ৪২,০০,০০০/- টাকা দরে ০১টি করে দরপত্র পাওয়া যায়। কাশীপুর হাট-বাজারের অনুকূলে ১ম হতে ৪র্থ দফা পর্যন্ত কোন দরপত্র পাওয়া যায়নি। তবে ৫ম দফায় কাশীপুর হাট-বাজারের অনুকূলে সরকারি মূল্য=৭০,০০০/- টাকার স্থলে মাত্র ৫০,০০০/- টাকা দরে ০১টি মাত্র দরপত্র পাওয়া যায়।<br>খড়িবাড়ী ও কাশীপুর হাট-বাজার ০২টি সরকারি ইজারা মূল্যের চেয়ে কম মূল্যের দরপত্র পাওয়ার কারণে উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি উক্ত হাট-বাজার ০২টি ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত প্রদান না করে হাট-বাজার ইজারা প্রদান সংক্রান্ত প্রচলিত বিধি বিধান অনুযায়ী ইজারা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উপজেলা পরিষদ, ফুলবাড়ীকে সুপারিশ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, "সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা" এর ২.১০ নং অনুচ্ছেদ মোতাবেক তৃতীয় বার পর্যন্ত দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তা হলে যথাযথ ইজারা মূল্য না পাওয়ার বিষয়ে বিদ্যমান কারণ সম্বলিত একটি প্রতিবেদন উপজেলা পরিষদের সাধারণ সভায় আলোচনাক্রমে কার্যবিবরণীসহ জেলা প্রশাসক মহোদয়ের নিকট প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ মতামত দেন যে, বর্ণিত হাট-বাজার ০২টি খাস আদায়ের লক্ষ্যে প্রকাশ্য ডাকের মাধ্যমে খাস আদায়কারী নিয়োগ করা যেতে পারে।<br>বিস্তারিত আলোচনায় খড়িবাড়ী ও কাশীপুর হাট-বাজার ০২টি সরকারি ইজারা মূল্য না পাওয়ার নেপথ্যে বিদ্যমান নিম্নরূপ কারণসমূহ চিহ্নিত করা হয়:<br>ক. খড়িবাড়ী ও কাশীপুর হাট-বাজারের আশে পাশে ছোট ছোট বেশ কয়েকটি বাজার থাকার কারণে ইজারাদারদের আয় কমে যাওয়ায় ইজারা গ্রহণে আগ্রহ হারাচ্ছে।<br>খ. খড়িবাড়ী হাট-বাজারের জায়গা স্বল্পতার কারণে গরু, ছাগল আমদানি কম হওয়ায় ইজারাদারদের আয় কমে যায়। ফলে ইজারা গ্রহণে আগ্রহ কমে যাচ্ছে।<br>গ. খড়িবাড়ী হাট-বাজারে মহিলা মার্কেট হওয়ার কারণে হাটের জায়গা কমে যায়। সভায় খড়িবাড়ী ও কাশীপুর হাট-বাজারের ইজারা প্রদান/খাস আদায়ের ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি ইজারা মূল্য না পাওয়ার নেপথ্যে চিহ্নিত কারণসমূহ বিবেচনা করে খড়িবাড়ী ও কাশীপুর হাট-বাজার ০২টি ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদান/খাস আদায়ের ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদানের লক্ষ্যে একটি প্রতিবেদন জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের নিকট প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম ও সভাপতি উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি। |

(চলমান/৬)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের আওতাধীন ১৫টি হাট-বাজার ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য হাট বাজার ইজারা প্রদান সংক্রান্ত নীতিমালানুযায়ী একটি স্থানীয় পত্রিকা 'দৈনিক জাগো বাহে" এবং একটি জাতীয় পত্রিকা "দৈনিক কাল বেলা"য় ০২ (দুই) ধাপে (০৫/২/২০২৪ ও ১৩/২/২০২৪ তারিখে) বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হয়। পত্রিকা দু'টির প্রচারণা বিল বাবদ "দৈনিক জাগো বাহে" পত্রিকার ১১,০৪০+১১,০৪০= ২২,০৮০/-টাকা এবং "দৈনিক কাল বেলা" পত্রিকার ৩১,০৫০+৩১,০৫০=৬২,১০০/-টাকা সর্বমোট ২২,০৮০+৬২,১০০=৮৪,১৮০/- (চুরাশি হাজার একশত আশি) টাকার বিল (ভ্যাট ও আয়করসহ) পাওয়া গেছে। উক্ত পত্রিকা দু'টির বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪৩১ বাংলা সনের জন্য হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের জন্য দুটি পত্রিকার বিল বাবদ দাখিলকৃত ভ্যাট ও আয়করসহ সর্বমোট ৮৪,১৮০/- (চুরাশি হাজার একশত আশি) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪৩১ বাংলা সনের জন্য হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের জন্য দৈনিক জাগো বাহে" এবং "দৈনিক কাল বেলা" পত্রিকার বিল বাবদ দাখিলকৃত ভ্যাট ও আয়করসহ সর্বমোট ৮৪,১৮০/- (চুরাশি হাজার একশত আশি) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম এবং উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত মার্চ, ২০২৪ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>ফুলবাড়ী উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা = ৪৩৩৯০ জন, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা = ৩৪৯৭৮ জন, এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৬১%<br>১। পুরুষ বন্ধ্যাকরণ-০০, ২। মহিলা বন্ধ্যাকরণ-০৩ জন; ৩। আইইউডি-৫০ জন; ৪। ইমপ্লান-৯৫ জন, ৫। ইনজেকশন-০০ জন, ৬। খাবার বড়ি ৬৯১০ জন; ৭। কনডম-৩৭ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা- ১১৮১ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৬৫০ জন, ১০। মোট প্রসব সংখ্যা-১৮৮ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৬০৫ জন; ১২। সাধারণ রোগীর সেবা-২৬৫৯ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ফুলবাড়ী উপজেলার বিভিন্ন স্থানে মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। মাদক নির্মূলে সবাই চেষ্টা করে যাচ্ছি। সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জন প্রতিনিধিদের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। প্রতিটি অভিভাবককে তাদের ছেলে মেয়েদের প্রতি নজর রাখার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ১। মাদক প্রতিরোধের লক্ষ্যে পুলিশি অভিযান জোরদার করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৭)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত এপ্রিল/২০২৪ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ৪৩,১৪২/-(তেতাল্লিশ হাজার একশত বিয়াল্লিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও আনসার সেড উপজেলা পরিষদ ব্যবহৃত এপ্রিল/২০২৪ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ৪৩,১৪২/-(তেতাল্লিশ হাজার একশত বিয়াল্লিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ২। সভায় ভাইস চেয়ারম্যান বলেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জানুয়ারি/২৪ হতে এপ্রিল/২৪ সময়ের ৪(চার) মাসের ভ্রমণ ভাতা বিল অপরিশোধিত আছে। সরকারি বিভিন্ন কর্মসূচিতে অংশ গ্রহণ করার জন্য ভ্রমণ করা হয়ে থাকে। তিনি বকেয়া ভ্রমণভাতা বিলসমূহ জরুরি ভিত্তিতে পরিশোধ করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিষয়টি সভায় বিশদভাবে আলোচনা করা হয়। চেয়ারম্যান মহোদয়ের ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জানুয়ারি/২৪ হতে এপ্রিল/২৪ পর্যন্ত মাসের ভ্রমন ভাতা বিল প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ৩। উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিসে ব্যবহারের জন্য সিএ-কাম- স্টেনো এর ফেব্রুয়ারি/২৪ হতে এপ্রিল/২০২৪ পর্যন্ত ৩(তিন) মাসের ইন্টারনেট বিল বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে ইন্টারনেট বিল ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ৪। উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত পাজেরো জীপের জানুয়ারি/২৪ হতে এপ্রিল/২৪ পর্যন্ত সময়ের জ্বালানী বাবদ ৮৭,৮৩০/-(সাতাশি হাজার আটশত ত্রিশ) টাকার ৫% ভ্যাট বাবদ (৪,৩৯১.৫০+৮৭,৮৩০) টাকাসহ মোট =৯২,২২১.৫০/- টাকার ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে জ্বালানী বাবদ =৯২,২২১.৫০/- (বিরানব্বই হাজার দুইশত একুশ টাকা পঞ্চাশ পয়সা) টাকার ব্যয় অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৮)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের যানবাহন মেরামত করে ৭০,০৩০/-(সত্তর হাজার ত্রিশ) টাকার বিল/ভাউচার দাখিল করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত বাবদ ব্যয়কৃত =৭০,০৩০/-(সত্তর হাজার ত্রিশ) টাকার বিল সভায় অনুমোদিত হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। ২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০ ০১. ২৩-৩২৩ — তারিখ ঃ ১০ বৈশাখ ১৪৩১। / ২৩ এপ্রিল ২০২৪।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা........................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। নোটিশ বোর্ড।
১৫। অফিস নথি।

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd